NYC Public Schools

# PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার













## বিভিন্ন বহু স্তর বিশিষ্ট সহায়তার সিস্টেম

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

আপনি হয়তো সম্প্রতি একটি অ্যাক্রোনিম (আদ্যাক্ষর) ক্লাসরুম, প্যারেন্ট-টিচার কনফারেন্স, স্টাফদের পেশাদারিত্ব উন্নয়ন, এবং অন্যান্য স্থানে প্রায়শই শুনে থাকতে পারেন। সেই অ্যাক্রোনিমটি হলো MTSS, এবং এর দ্বারা মাল্টি-টিয়ার্ড সিস্টেমস্ অভ সাপোর্টস্ (বিভিন্ন বহু স্তর বিশিষ্ট সহায়তা) বোঝায়। MTSS-এর একটি দীর্ঘ নাম থাকলেও, সহজভাবে এর অর্থ হলো: প্রতিটি শিক্ষার্থীর যা প্রয়োজন, তা পায়।

MTSS শিক্ষার্থীদের অগ্রগতি গভীরভাবে বোঝার মধ্য দিয়ে শুরু হয়। কোন শিক্ষার্থীর বাড়তি সহায়তা প্রয়োজন এবং তাদের কোন *ধরনের* সহায়তার অভাব রয়েছে, সেটা চিহ্নিত করতে শিক্ষকগণ সাবধানতার সাথে নির্ণায়ক (ডায়াগনস্টিক), মূল্যায়ন, ক্লাসের কাজ, এবং অন্যান্য বিষয়াবলীসহ বহুবিধ উপাত্তের ক্ষেত্র বিশ্লেষণ করেন। উদাহরণস্বরূপ, রিডিং-এর ক্ষেত্রে, কোনো শিক্ষার্থীর পড়ায় সাবলীলতা বৃদ্ধির জন্য ফোনিক্স-এ (ধ্বনিতত্ত্ব) সহায়তা প্রয়োজন হতে পারে, অন্যদিকে আরেকজনের হয়তো একটি পৃষ্ঠার শব্দসমূহ ভালোভাবে বুঝতে ভোকাবুলারি-তে (শব্দভাণ্ডারে) সহায়তা থেকে উপকারিতা পেতে পারে।

তারপর, এসব অনন্য চাহিদা পূরণ করতে শিক্ষকগণ প্রতিটি শিক্ষার্থীকে চাহিদামাফিক শিক্ষা-নির্দেশনা—যাকে বলা হয় হস্তক্ষেপ— প্রদান করেন, যেন তারা সেই সুনির্দিষ্ট দক্ষতার চর্চা করতে পারে, এবং প্রায়শই একটি ছোট দলে। শিক্ষা বছর জুড়ে শিক্ষার্থীদের অগ্রগতির উপর ভিত্তি করে শিক্ষকগণ এসব হস্তক্ষেপে পরিবর্তন করেন।

বহু স্কুল দীর্ঘকাল যাবৎ MTSS প্রয়োগ করে আসছে। তবে আমার সাম্প্রতিক ঘোষণায় যেভাবে বলেছি, আমরা এখন পুরো সিস্টেম জুড়ে NYC রিডস্-এর অংশ হিসেবে MTSS বাস্তবায়ন করছি। আমরা সিটি জুড়ে MTSS-এর জন্য নির্দেশনা তৈরি করছি, স্কুলগুলো কোন হস্তক্ষেপগুলো প্রয়োগ করবে তা নির্ধারণ করছি, যেন সকল শিক্ষার্থী—এতে অন্তর্ভুক্ত, প্রতিবন্ধিতাযুক্ত ও বহুভাষী শিক্ষার্থী—যেন উচ্চ-মানসম্পন্ন, স্বতন্ত্র শিক্ষা অর্জনের অভিজ্ঞতা লাভ করে।

MTSS-এর সহায়তায় আমরা নিশ্চিত করছি যে, আমাদের শিক্ষার্থীরা দক্ষ, বিকশিত পাঠক হয়ে উঠতে যা প্রয়োজন, তা যেন তারা লাভ করে।


অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

**চ্যান্সেলরের স্পটলাইট:**
ব্রংক্স-এর লিডারশিপ অ্যান্ড কমিউনিটি সার্ভিস অ্যাকাডেমিতে MTSS হলো একটি সম্মিলিত প্রয়াশ। হস্তক্ষেপ প্রদান করে কিংবা উপকরণ দিয়ে সহায়তা করার মধ্যমে পুরো স্কুলের স্টাফ MTSS বাস্তবায়নে সহায়তা করেন। ছোট দলে যতটুকু সম্ভব হস্তক্ষেপ প্রদানের জন্য স্কুল সারাদিন সবরকম সুযোগ ব্যবহার করে, এবং শিক্ষার্থীদের নিজস্ব প্রতিফলনে এর ফলাফল দেখতে পাওয়া যায়। একজন শিক্ষার্থী বলেছে, স্কুলের রিডিং গ্রুপের কল্যাণে "আমি প্রতিটি বেঞ্চমার্কেই উন্নতি করেছি"।

*কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যান্সেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।*

**আমাদের হাইলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- দি মর্নিং বেল-এ শিক্ষার্থীদের জন্য এই মাসের বিভিন্ন সুযোগ পর্যালোচনা করুন।
- বিভিন্ন অতিরিক্ত খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি মেয়রের অফিস থেকে সরাসরি সর্বসাম্প্রতিক তথ্য পেতে সাইন আপ করতে পারেন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।